

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-২
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০৪১.১১.০০১.২৩-১৯

তারিখ: ০২ মাঘ ১৪৩০
১৬ জানুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫/০৯/২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০২৮.২১-১৪৭ নং পত্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৯-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৬.২৩-২৩২ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডডুস্ত ২২০০০-৫৩০৬০/- টাকা বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তরের ১ম শ্রেণির মেডিকেল অফিসার পদে নিম্নে উল্লিখিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


ক্র/নং	প্রার্থীর নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	রেজিস্ট্রেশন নং
১.	গাজী ফারজানা পিতা: গাজী খলিল উদ্দিন গ্রাম: চরচরিয়া, পো: চুড়াইন, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা	৩৬২/বি, খিলগাঁও তালতলা, ঢাকা-১২১৯, থানা-রামপুরা	১১০০৬১৩০

শর্তসমূহ:

- (ক) বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তীর চাকুরি শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তীর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবে;
- (খ) যদি এ শিক্ষানবিশকালে তীর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে সরকার কোন কারণ দর্শানো ব্যতিরেকে তীকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;
- (গ) বর্ণিত পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হলে তীর চাকুরি স্থায়ী করা হবে;
- (ঘ) এ প্রজ্ঞাপনে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (ঙ) এ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ১৫-০২-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে চাকরিতে যোগদান করতে হবে। নির্দিষ্ট সময়ে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকুরিতে যোগদানে ইচ্ছুক নন মর্মে তীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- (চ) চাকরিতে যোগদানকালে তীকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
- (ছ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
- (জ) নবনিয়োগপ্রাপ্ত পদে সুপারিশকৃত প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

০২। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(কামরুন নাহার)

সহকারী সচিব (অতি: দা:)

ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১৪০

section10@mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০৪১.১১.০০১.২৩-১৯/১(১০)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।

G:\সংস্থাপন-২\নিয়োগ\শ্রম অধিদপ্তরের মেডিকেল অফিসার নিয়োগ সংক্রান্ত\letter.docx

তারিখ: ০২ মাঘ ১৪৩০
১৬ জানুয়ারি ২০২৪

- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৯। জনাব -----

১০। অফিস কপি/ গার্ড ফাইল।